# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৫. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর আঙুলের মাঝ থেকে পানি প্রবাহিত করার মাধ্যমে মহান আল্লাহ তাকে যে সম্মানিত করেছেন তার বর্ণনা

بَاب مَا أَكْرَمَ اللَّهُ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ تَفْجِيرِ الْمَاءِ مِنْ بَيْنِ أَصَابِعِهِ

আরবী

أَخْبَرَنَا أَبُو النُّعْمَانَ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ الْأَسْوَدِ بْنِ قَيْسٍ، عَنْ نُبَيْحٍ الْعَنَزِيِّ، قَالَ: قَالَ جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ رَضِيَ اللهُ عَنْهُمَا: غَزَوْنَا أَوْ سَافَرْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَنَحْنُ يَوْمَئِذٍ بِضْعَةَ عَشَرَ وَمِائَتَانِ فَحَضَرَتْ الصَّلَاةُ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: " هَلْ فِي الْقَوْمِ مِنْ طَهُورٍ؟ "، فَجَاءَ رَجُلٌ يَسْعَى، بِإِدَاوَةٍ فِيهَا شَيْءٌ مِنْ مَاءٍ، لَيْسَ فِي الْقَوْمِ مَاءٌ غَيْرُهُ، " فَصَبَّهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي قَدَحٍ، ثُمَّ تَوَضَّأَ فَأَحْسَنَ الْوُضُوءَ، ثُمَّ انْصَرَفَ وَتَرَكَ الْقَدَحَ "، فَرَكِبَ النَّاسُ ذَلِكَ الْقَدَحَ، وَقَالُوا: تَمَسَّحُوا تَمَسَّحُوا، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: " عَلَى رِسْلِكُمْ " حِينَ سَمِعَهُمْ يَقُولُونَ ذَلِكَ، " فَوَضَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَفَّهُ فِي الْمَاءِ وَالْقَدَحِ "، وَقَالَ: " بِسْمِ اللَّهِ "، ثُمَّ قَالَ: " أَسْبِغُوا الطُّهُورَ "، فَوَالَّذِي هُوَ ابْتَلَانِي بِبَصَرِي لَقَدْ رَأَيْتُ الْعُيُونَ، عُيُونَ الْمَاءِ تَخْرُجُ مِنْ بَيْنِ أَصَابِعِهِ فَلَمْ يَرْفَعْهَا حَتَّى تَوَضَّئُوا أَجْمَعُونَ

إسناده صحيح

বাংলা

২৬. জাবির ইবনু আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে কোন যুদ্ধে কিংবা সফরে ছিলাম। সেদিন আমাদের দলে লোকসংখ্যা ছিল দুইশত দশ জনেরও কিছু বেশি। পথিমধ্যে সালাতের সময় এসে গেল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: ’লোকদের নিকট পবিত্রতার উপকরণ (তথা পানি) আছে কি?’ (এই কথা শুনে) এক ব্যক্তি একটি পাত্র নিয়ে দৌড়ে এল, সেই পাত্রে সামান্য কিছু পানি ছিল। এছাড়া আর কারও নিকটই কোন পানি ছিল না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি

ওয়া সাল্লাম সেই পানিটুকু একটি পাত্রে ঢাললেন। তারপর তিনি সুন্দরভাবে ওযু করলেন, তারপর ওযু শেষ করে পাত্রটি রেখে চলে গেলেন। অমনি লোকেরা এ পাত্রটির উপর হুমড়ি খেয়ে পড়ল এবং বলতে লাগলো, মুছে নাও, মুছে নাও। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন তাদেরকে এ কথা বলতে শুনলেন তখন তিনি বললেন: ’ধীরে সুস্থে কর।’ অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পানি ও পাত্রের মধ্যে তাঁর হাতের তালু স্থাপন করলেন এবং বললেন: ’বিসমিল্লাহ। তোমরা পূর্ণরূপে পবিত্রতা অর্জন কর।’

(বর্ণনাকারী বলেন), সেই সত্ত্বার কসম, যিনি আমার দৃষ্টির ব্যাপারে আমাকে পরীক্ষায় ফেলেছেন, আমি দেখেছি পানির ঝর্ণা তাঁর আঙুলসমূহের মাঝ থেকে প্রবাহিত হচ্ছিল। আর তারা সকলে ওযু শেষ করার আগ পর্যন্ত তিনি তাঁর হাত উঠান নি।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আহমাদ, আল মুসনাদ, ৩/২৯২, ৩৫৮; ইবনু আবী শাইবা ১১/৪৭৪ নং ১১১৭২; বাইহাকী, দালাইল ৪/১১৭-১১৮; ইবনু খুযাইমা নং ১০৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45791

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন